

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং: ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৫(অংশ-৪)-৮০২

তারিখ: ২৮.০৬.২০১৬খ্রিঃ

প্রেরক : মোঃ শহীদুল্লাহ তালুকদার
সহকারী সচিব (হজ-২)।


প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন,
৩য় ফেইজ, এজিবি ভবন, ঢাকা।

বিষয় : ২০১৬খ্রিঃ/১৪৩৭হিজরী সালের হজ্জে সৌদি আরবে সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রীদের বাড়ি/হোটেল পরিদর্শন করার লক্ষ্যে মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান এর সফরসঙ্গী সৌদি আরব সফর প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে মাননীয় মন্ত্রীর অভিপ্রায় ও অনুমোদনক্রমের প্রেক্ষিতে ৩০.০৬.২০১৬ খ্রিঃ বা তার নিকটবর্তী তারিখ হতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে প্রতিনিধি দলে সফরসঙ্গী হিসেবে সৌদি আরবে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় সকল হজ্জযাত্রীদের বাড়ি/হোটেল ভাড়া পরিদর্শনের লক্ষ্যে নিম্নোক্ত ব্যক্তির সৌদি আরব সফরের সরকারী সম্মতি জ্ঞাপন করছিঃ

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী
১.	জনাব মোঃ আবু সাঈদ, মাননীয় মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

- প্রতিনিধি দলের সদস্য বিমানের ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে ৩০.০৬.২০১৬ খ্রিঃ তারিখ বা তার নিকটবর্তী সময়ে সৌদি আরবের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং গমনের তারিখ হতে ০৮ (আট) দিনের জন্য সৌদি আরব সফর করবেন।
- এ সফর সরকারী সফর হিসেবে গণ্য হবে এবং বিদেশে অবস্থানকালে সরকারী কর্মকর্তা/কর্মচারী বাংলাদেশের স্থানীয় মুদ্রায় নিজ নিজ কর্মস্থল হতে যথারীতি বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।
- উল্লিখিত সদস্যের ভ্রমণ ব্যয় ও দৈনিক ভাতা এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয় তথা চার্জ/ফি ইত্যাদি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছরের বাংলাদেশের বাহিরে হজ্জ বাবদ ব্যয় (কোড ৩-৩৫১০-০০০১-৪৮০১) 'ভ্রমণ ব্যয়' উপশ্রুতিতে হতে নির্বাহ করা হবে।
- সদস্যগণকে অবশ্যই নিজ নিজ আন্তর্জাতিক পাসপোর্ট, পাসপোর্টের ফটোকপি ০২ সেট, স্ট্যাম্প সাইজের ০২ কপি ও পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি মন্ত্রণালয়ের হজ্জ শাখায় জমা দিতে হবে।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।



(মোঃ শহীদুল্লাহ তালুকদার)
সহকারী সচিব (হজ-২)
ফোন : ৯৫৮৫২০০।

নং:১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৫(অংশ-৪)-৮০২

তারিখঃ ২৮.০৬.২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, সৌদি আরব।
২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা ((দৃঃআঃ পরিচালক, কনস্যুলার শাখা)-বর্ষিত প্রতিনিধি দলের সদস্যের অনুকূলে ঢাকাস্থ রাজকীয় সৌদি দূতাবাস থেকে ন্যূনতম ১৫(পনের) দিনের জন্য ভিসা সংগ্রহের নিমিত্ত নোট ভারবাল ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।
৩. মহাপরিচালক, পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তর, ঢাকা।
৪. যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
৬. জনাব মো: আবুল কালাম আজাদ, মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কা-আল-মোকাররমা, সৌদি আরব।
৮. উপ-সচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯. মহাব্যবস্থাপক (সেলস), বিমান, মতিঝিল, ঢাকা।
১০. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১১. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৩. জনাব
১৪. সংশ্লিষ্ট সকল অফিস/সংস্থা


(মোঃ শহীদুল্লাহ তালুকদার)
সহকারী সচিব (হজ-২)